

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৬১৮

৬/ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬/৬৪. রসূলুল্লাহ 🏨 🗕 এর (অন্তিম) রোগ।

بَابِ مَا جَاءَ فِي ذِكْرِ مَرَضِ رَسُولِ اللهِ ﷺ

আরবী

حَدَّتَنَا سَهْلُ بْنُ أَبِي سَهْلِ حَدَّتَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةً عَنْ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ قَالَ سَأَلْتُ عَائِشَةَ فَقُلْتُ أَيْ أُمَّهُ أَخْبِرِينِي عَنْ مَرض رَسُولِ اللهِ صلى الله عليه وسلم قَالَتْ اشْتَكَى فَعَلَقَ يَنْفُثُ فَجَعَلْنَا نُشَبّهُ نَفْتُهُ بِنَفْتَةِ آكِلِ الزَّبِيبِ وَكَانَ يَدُورُ عَلَى نِسَائِهِ قَالَتْ اشْتَكَى فَعَلَقَ يَنْفُثُ فَجَعَلْنَا نُشَبّهُ نَفْتُهُ بِنَفْتَةٍ آكِلِ الزَّبِيبِ وَكَانَ يَدُورُ عَلَى نِسَائِهِ قَالَتْ الشَّتَكَى فَعَلَقَ يَنْفُثُ فَجَعَلْنَا نُشَبّهُ نَفْتُهُ بِنَفْتَةٍ وَلِل الزَّبِيبِ وَكَانَ يَدُورُ عَلَى نِسَائِهِ فَلَمَّا تَقُلُ اسْتَأْذَنَهُنَّ أَنْ يَكُونَ فِي بَيْتِ عَائِشَةَ وَأَنْ يَدُرْنَ عَلَيْهِ قَالَتْ فَدَخَلَ عَلَيَّ رَسُولُ اللهِ عليه وسلم صلى الله عليه وسلم وَهُو بَيْنَ رَجُلَيْنِ وَرِجْلَاهُ تَخُطَّانِ اللهِ عليه وسلم صلى الله عليه وسلم وهُو بَيْنَ رَجُلَيْنِ وَرِجْلَاهُ تَخُطَّانِ بِالْأَرْضِ أَحَدُهُمَا الْعَبَّاسُ فَحَدَّثْتُ بِهِ ابْنَ عَبَّاسٍ فَقَالَ أَتَدْرِي مَنْ الرَّجُلُ الَّذِي لَمْ تُسَمِّهِ بَالْأَرْضِ أَحَدُهُمَا الْعَبَّاسُ فَحَدَّثْتُ بِهِ ابْنَ عَبَّاسٍ فَقَالَ أَتَدْرِي مَنْ الرَّجُلُ الَّذِي لَمْ تُسَمّهِ عَائِشَةُ هُو عَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ.

বাংলা

১/১৬১৮। 'উবাইদুল্লাহ্ ইবনু 'আবদুল্লাহ্ (রহ.) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি 'আয়িশাহ্ (রাঃ)-কে জিজ্ঞেস করলাম, হে আম্মা! আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর (অন্তিম) রোগ সম্পর্কে অবহিত করুন। তিনি বলেন, তিনি রোগাক্রান্ত হলে আমরা অনুভব করলাম যে, তিনি কিশমিশ ভক্ষণকারীর ন্যায় শ্বাস-প্রশ্বাস নিচ্ছেন। তখনও তিনি তাঁর স্ত্রীদের কাছে পালাক্রমে যাতায়াত করতেন। তাঁর রোগ বেড়ে গেলে তিনি তাদের নিকট 'আয়িশাহর ঘরে অবস্থান করার অনুমতি চাইলেন এবং তারা যেন পালাক্রমে তাঁর নিকট আসেন।

'আয়িশাহ্ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু' ব্যক্তির উপর ভর করে তাঁর পদদ্বয় হেঁচড়াতে হেঁচড়াতে আমার ঘরে আসেন। তাদের দু'জনের একজন ছিলেন 'আব্বাস (রাঃ)। আমি (উবাইদুল্লাহ) এ হাদীস ইবন 'আব্বাস (রাঃ)-এর নিকট বর্ণনা করলে তিনি বলেন, তুমি কি জানো অপর ব্যক্তি কে, যার নাম 'আয়িশাহ্ (রাঃ) উল্লেখ করেননি? তিনি হলেন 'আলী ইবনু আবূ তালিব (রাঃ)।

English



It was narrated that 'Ubaidullah bin 'Abdullah said:

"I asked 'Aishah: 'O mother! Tell me about the sickness of the Messenger of Allah (ﷺ).' She said: 'He felt pain and started to spit (over his body), and we began to compare his spittle to the spittle of a person eating raisins. Like a person eating raisins and spitting out the seeds. He used to go around among his wives, but when he became ill, he asked them permission to stay in the house of 'Aishah and that they should come to him in turns.' She said: 'The Messenger of Allah (ﷺ) entered upon me, (supported) between two men, with his feet making lines along the ground. One of them was 'Abbas.' I told Ibn 'Abbas this Hadith and he said: 'Do you know who the other man was whom 'Aishah did not name? He was 'Ali bin Abu Talib.'"

ফুটনোট

সহীহুল বুখারী ১৯৮, ৬৬৪, ৬৬৫, ৬৭৯, ৬৮২, ৬৮৩, ৬৮৭, ৭১২, ৭১৩, ৭১৬, ২৫৮৮, ৩০৯৯, ৩৩৮৪, ৪৪৪২, ৫৭১৪, ৭৩০৩; মুসলিম ৪১৮;তিরমিয়ী ৩৬৭২;নাসায়ী ৮৩৩, ৮৩৪; আবূ দাউদ ২১৩৭; আহমাদ ২৩৫৪১, ২৫৩৪১, ২৫৩৮৬, ২৫৬০৬, মুয়ান্তা মালেক ৪১৪, দারেমী ৮২, ১৪৫৭

তাহকীক আলবানীঃ সহীহ

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উবাইদুল্লাহ ইবন আবদুল্লাহ ইবন 'উতবাহ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন